

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১

স্মারক নং-১২.২১.০০০০.০০০.০০৫.২৭.০০১১.২৫.০২

তারিখ: ০১-০৭-২০২৬

বিষয়ঃ জনাব মো: মিজানুর রহমান BARI2333, ফারনেসম্যান, সরেজমিন গবেষণা বিভাগ, বারি, আর্মি পাড়া, বান্দরবানকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (ঙ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে “বরখাস্ত” গুরুদত্ত প্রদানের নিমিত্ত একই প্রবিধানমালার ৫২ (ঙ) উপ-প্রবিধি মোতাবেক ২য় কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু সম্প্রতি ৯ মিনিট ৩৫ সেকেন্ডের একটি ভিডিও ফুটেজে দেখা যায় যে, আপনি জনাব মো: মিজানুর রহমান BARI2333, ফারনেসম্যান, সরেজমিন গবেষণা বিভাগ, বারি, আর্মি পাড়া, বান্দরবান বারি কর্তৃপক্ষের নাম ব্যবহার করে বারি’তে চাকরি দেয়ার মিথ্যা প্রলোভন দেখিয়ে নগদ অর্থ দাবি করেছেন বিধায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (খ) (ঙ) ও (চ) উপ প্রবিধি মোতাবেক “অসদাচরণ, দুর্নীতিপরায়ণ এবং প্রতারণা” এর অভিযোগে অভিযুক্ত করে ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০০.০০৫.২৭.০০১১.২৫.২০১৪; তারিখ: ২৪-১১-২০২৫ মোতাবেক বিভাগীয় মামলা রুজুকরতঃ অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরণী তীর বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয় ও ১০ কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জবাব প্রেরণ এবং ব্যক্তিগত শুনানীতে আগ্রহী কিনা তা জানানোর জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু আপনার বিরুদ্ধে জারিকৃত ১ম কারণ দর্শানো নোটিশের সে পরিপ্রেক্ষিতে আপনি নির্ধারিত সময়ের মধ্যে কোনরূপ জবাব দাখিল করেননি। পরবর্তীতে জনাব মো: মিজানুর রহমান BARI2333, ফারনেসম্যান, সরেজমিন গবেষণা বিভাগ, বারি, আর্মি পাড়া, বান্দরবান এর বিরুদ্ধে বিভাগীয় মামলা পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত তার বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০০.০০৫.২৭.০০১১.২৫.২৯৬৫; তারিখ: ০৯-০২-২০২৫ মোতাবেক ড. আবু তৈয়ব মুহাম্মদ হাসানুজ্জামান BARI0337, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, কীটতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর, বারি, গাজীপুরকে সভাপতি করে ০৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (খ) (ঙ) ও (চ) উপ প্রবিধি মোতাবেক “অসদাচরণ, দুর্নীতিপরায়ণ এবং প্রতারণা” এর অভিযোগ প্রমাণিত হয়েছে সেহেতু উক্ত প্রবিধানমালা ৪৯ এর ১ (খ) (ঙ) উপ-প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকরি হতে “বরখাস্ত” করা হবে না অথবা অন্য কোন গুরুদত্ত প্রদান করা হবে না এ বিষয়ে নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শাতে নির্দেশ দেয়া হলো।

সংযুক্তঃ তদন্ত প্রতিবেদন।

স্বাক্ষরিত/-

(ড. মো. মঞ্জুরুল কাদির)

মহাপরিচালক

ফোনঃ ০২-৪৯২৭০০০০

রেজি./এডিঃ

জনাব মো: মিজানুর রহমান BARI2333

ফারনেসম্যান

সরেজমিন গবেষণা বিভাগ, বারি, আর্মি পাড়া, বান্দরবান

স্মারক নং-১২.২১.০০০০.০০০.০০৫.২৭.০০১১.২৫.০২

অনুলিপিঃ-

১. পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন), বারি, গাজীপুর
২. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৩. উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, গাজীপুর
৪. ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, বারি, আর্মি পাড়া, বান্দরবান
৫. জনাব মো: মিজানুর রহমান BARI2333, ফারনেসম্যান, সরেজমিন গবেষণা বিভাগ, বারি, আর্মি পাড়া, বান্দরবান
৬. জনাব মো: মিজানুর রহমান, পিতা-মৃতঃ আব্দুর রশিদ, গ্রামঃ চরমখুয়া, পোস্টঃ চন্দ্রকোনা, উপজেলাঃ নকলা, জেলাঃ শেরপুর।
৭. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর
৮. এসিআর সেল/কম্পিউটার সেল
৯. ব্যক্তিগত নথি/মাস্টার ফাইল/সংশ্লিষ্ট নথি।

(মোঃ মিজানুর রহমান স্বাক্ষর)

উপ-পরিচালক (প্রশাসন)

ফোনঃ ৪৯২৭০০১০/৫৩০৬